

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ

স্মারকনং- ৩২.০১.৫৯৪৪.০০০.১৬.০০১.২০- ২০৩,

তারিখ : ০২/০৩/২০২৫ খ্রি.

“ প্রশিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি ”

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ এ নিম্নে বর্ণিত কোর্সে প্রশিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি হতে ইচ্ছুক প্রশিক্ষার্থীগণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে ০২/০৩/২০২৫ হতে ২৩/০৩/২০২৫ এর মধ্যে আবেদন ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

কোর্সের নাম : দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ।
কোর্সের মেয়াদ : ৩ (তিন) মাস (এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ খ্রি:) পর্যন্ত।
আসন সংখ্যা : ৩০ (ত্রিশ) জন
প্রয়োজনীয় কাগজপত্র : পাসপোর্ট সাইজের সত্যায়িত ৩ (তিন) কপি ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি ১ (এক) কপি/জন্ম সনদের ফটোকপি ১ (এক) কপি, ইউনিয়ন চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদ এর সত্যায়িত ফটোকপি ১ (এক) কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
বয়স : ১৮ বছর হতে ৪০ বছর।
শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম ৮ম শ্রেণী পাশ।
আবেদন জমা দেওয়ার শেষ তারিখ : ২৩ মার্চ/ ২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত, সরকারী ছুটির দিন ব্যতিত।

সাক্ষাৎকার/ বাছাই : জানানো হবে।

উল্লেখ্য ইতিপূর্বে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ থেকে যারা দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

বি:দ্র: দুঃস্থ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও অসহায় মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে। প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষার্থীদের উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে ভাতা প্রদান করা হবে (বরাদ্দ পাওয়া সাপেক্ষে)।

উপর্যুক্ত শর্তাবলী যারা মেনে চলবে শুধুমাত্র তাদের আবেদন পত্রই গ্রহণ করা হবে।

০২/০৩/২০২৫

আরাধনা রানী কর্মকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
লৌহজং, মুন্সীগঞ্জ।

স্মারকনং- ৩২.০১.৫৯৪৪.০০০.১৬.০০১.২০-

তারিখ : ০২/০৩/২০২৫ খ্রি.

- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
- ০১। উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ।
 - ০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
 - ০৩। চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
 - ০৪। উপজেলা কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ।
 - ০৫। অফিস কপি

আরাধনা রানী কর্মকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
লৌহজং, মুন্সীগঞ্জ।